

া সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬১]

৩/ ইলম বা জ্ঞান (کتاب العلم)

পরিচ্ছেদঃ ৪৬/ মুহাদ্দিসের উক্তিঃ হাদ্দাসানা, আখবারানা ও আম্বা'আনা

باب قَوْل الْمُحَدِّث حَدَّثَنَا أَقْ، أَخْبَرَنَا وَأَنْبَأَنَا

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّ مِنَ الشَّجَرِ شَجَرَةً لاَ يَسْقُطُ وَرَقُهَا، وَإِنَّهَا مَثَلُ الْمُسْلِمِ، فَحَدَّثُونِي مَا هِيَ ". فَوَقَعَ النَّاسُ فِي شَجَرِ الْبَوَادِي. قَالَ عَبْدُ اللَّهِ وَوَقَعَ فِي الْمُسْلِمِ، فَحَدَّثُونِي مَا هِيَ النَّهُ قَالُوا حَدِّثْنَا مَا هِيَ يَا رَسُولَ اللَّهِ قَالَ " هِيَ النَّخْلَةُ ".

বাংলা

ভ্মাইদী (রহ.) বর্ণনা করেন যে, ইবনু 'উয়াইনাহ (রহঃ)-এর মতে حَدَّثَنَا وَأَخْبَرَنَا وَأَنْبَأَنَا وَسَمِعْتُ একই অর্থবোধক।

ইবনু মাস'উদ (রাঃ) বলেন, حَدَّثَنَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم وَهُوَ الصَّادِقُ الْمَصِدُوقَ আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিকট হাদীস বর্ণনা করেছেন; আর তিনি সত্যবাদী এবং সত্যবাদীরূপে স্বীকৃত।

শাকীক (রহঃ) 'আবদুল্লাহ্ (রাঃ) থেকে বর্ণনা করেন, كَلِمَةً 'আমি নবী سَمِعْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم كَلِمَةً 'আমি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম থেকে এরূপ উক্তি শুনেছি'...।

হ্যাইফাহ (রাঃ) বলেন, حَدَّثَنَا رَسُولُ اللهِ حَدِيثَيْنِ 'আল্লাহর রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিকট দু'টি হাদীস বর্ণনা করেছেন।'

আবুল 'আলিয়াহ (রহঃ) ইবনু 'আব্বাস (রাঃ) থেকে বর্ণনা করেন, يَرُوِي عَنْ رَبِّهِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم 'নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে, তিনি তাঁর রব থেকে বর্ণনা করেন'...।

আনাস (রাঃ) বলেন, عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم فِيمَا يَرْوِيهِ عَنْ رَبِّهِ عَزَّ وَجَلَّ 'নবী সাল্লাল আলাইহি ওয়াসাল্লাম থেকে, তিনি বর্ণনা করেন তাঁর রব থেকে'….।



আবূ হুরাইরাহ (রাঃ) বলেন, عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم يَرْوِيهِ عَنْ رَبِّكُمْ عَزَّ وَجَلَّ नेवी সাল্লাল্ল আলাইহি ওয়াসাল্লাম থেকে, তিনি তোমাদের মহিমাময় ও সুমহান প্রতিপালক থেকে বর্ণনা করেন'…।

কে। কুতায়বা ইবনু সা'ঈদ (রহঃ) ... ইবনু 'উমর (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার বললেনঃ গাছপালার মধ্যে এমন একটি গাছ আছে যার পাতা ঝরে না। আর তা মুসলিমের উপমা। তোমরা আমাকে বল, 'সেটি কি গাছ?' রাবী বলেন, তখন লোকেরা জঙ্গলের বিভিন্ন গাছ-পালার নাম চিন্তা করতে লাগল। আবদুল্লাহ (রাঃ) বলেন, 'আমার মনে হল, সেটা হবে খেজুর গাছ।' কিন্তু আমি তা বলতে লজ্জাবোধ করছিলাম। তারপর সাহাবায়ে কিরাম (রাঃ) বললেন, 'ইয়া রাসূলাল্লাহ! আপনি আমাদের বলে দিন সেটি কি গাছ? তিনি বললেনঃ তা হল খেজুর গাছ।

English

Concerning the variety of words used by narrators conveying different significations regarding the concept of narrating and which has importance for the Hadith scholars only

Narrated Ibn `Umar: Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam) said, "Amongst the trees, there is a tree, the leaves of which do not fall and is like a Muslim. Tell me the name of that tree." Everybody started thinking about the trees of the desert areas. And I thought of the date-palm tree but felt shy to answer the others then asked, "What is that tree, O Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam)?" He replied, "It is the date-palm tree."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন